

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৯০

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাদশা নাজাশীর জানাযার সালাত পড়েছিলেন, যেদিন বাদশা নাজাশী
মারা গিয়েছিলেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُصْطَفَى _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ صَلَّى عَلَى النَّجَاشِيِّ فِي الْيَوْمِ الَّذِي مَات فيه

আরবী

3090 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ , قَالَ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ , عَنْ مَالِك , عَنِ ابْنِ شِهَابٍ , عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ , عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ _ صلَّى اللَّهُ عَنِ ابْنِ شِهَابٍ , عَنْ النَّهِ لَا الْمُصلَّى اللَّهُ عليه وسلم _ نعى الناس النَّجَاشِيَّ فِي الْيَوْمِ الَّذِي مَاتَ فِيهِ , وَخَرَجَ بِهِمْ إِلَى الْمُصلَّى فصفَّ بِهِمْ , وَكَبَّرَ أَرْبَعَ تكبيرات.

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3090 | خلاصة حكم المحدث: صحيح: ((الأحكام)) (ص 116).

বাংলা

৩০৯০. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাদশা নাজশীর মৃত্যু সংবাদ প্রচার করেন, যেদিন তিনি মারা গিয়েছিলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীদের নিয়ে ঈদগাহের উদ্দেশ্যে বের হন এবং তাদেরকে কাতারবন্দি করে চার তাকবীরে জানাযার সালাত আদায় করেন।"[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/২২৬; মুসনাদ আহমাদ: ২/৪৩৮; সহীহুল বুখারী: ১৩৪৫; সহীহু মুসলিম: ৯৫১; আবূ দাউদ: ৩২০৪; নাসাঈ: ৪/৭২; বাগাবী: ১৪৮৯।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ১১৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন